

যুগশঙ্খ

বর্ষ: ৪১ সংখ্যা: ৩৩৪

গুয়াহাটী, শিলচর ও কলকাতা থেকে একযোগে প্রকাশিত
গুয়াহাটী, সোমবাৰ, ২৬ মেৰুদণ্ডি, ২০২৪, ১০ কাল্পনা, ১৪০০, মেট্রি ১২ পাতা, দাম ১০ টাঙ্কা
Website: jugasankha.in E-Paper: jugasankhaeepaper.com

সুড়মার্সন হলে উষারঞ্জন ভট্টাচার্যকে নিয়ে মনোজ্ঞ অনুষ্ঠান



যুগশঙ্খ প্রতিবেদন

গুয়াহাটী। ২৫ ফেব্রুয়ারি

দীর্ঘ তিন দশকের ছাত্রছাত্রীদের সমাগম হল অধ্যাপক উষারঞ্জন ভট্টাচার্যকে নিয়ে আয়োজিত একটি মনোজ্ঞ অনুষ্ঠানে। ‘শিক্ষক প্রগাম’ শীর্ষক এই অনুষ্ঠানে অসম তথা উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন প্রান্ত থেকে এসে উপস্থিত হয়েছিলেন গৌহাটি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের বহু প্রান্তে ছাত্রছাত্রী। অন্যান্য বিশ্ববিদ্যালয় ও মহাবিদ্যালয়েরও বহু ছাত্র-ছাত্রীর উপস্থিতি ছিল লক্ষণীয়। রবিবার পান বাজারে অবস্থিত সুড়মার্সন প্রেক্ষাগৃহে আয়োজিত এই প্রগাম অনুষ্ঠানে অধ্যাপক ভট্টাচার্যের শিক্ষক জীবনের নানা অজানা দিক তুলে ধরেন তাঁর প্রিয় তথা কৃতী

ছাত্রছাত্রীরা।

মন্দিরা দাস শর্মা, শৰ্বী রায়, শাস্ত্রনু রায়চৌধুরী, কাশিনাথ চক্রবর্তী, স্বর্ণালী বিশ্বাস ভট্টাচার্য, রিন্টু দাস, মৌসুমী বগিক, রমা দাস, অভিজিৎ চক্রবর্তী, অশোক কুমার রায়, রিক্ষা দে প্রমুখ অধ্যাপক ভট্টাচার্য সম্পর্কে তাঁদের মূল্যবান বক্তব্য পেশ করেন। এই পর্বটি সংগৃহীত করেন জ্যোতির্ময় সেনগুপ্ত।

অনুষ্ঠানের শুরুতে একটি স্মৃতি গান গেয়ে শোনান শর্মিষ্ঠা গুহ। স্বাগত ভাষণ দেন দেবযানী দে। মানপত্র পাঠ করেছেন সঞ্জয় ভট্টাচার্য। অধ্যাপক উষারঞ্জন ভট্টাচার্যকে নিয়ে রচিত উষা মঙ্গল গীত গেয়ে শোনান সন্দীপা

চক্রবর্তী। তিনিই এই গানটির সুরকার ও গীতিকার তাপস পাল।

অনুষ্ঠানের একটি পর্বে তিনটি গুরুত্বপূর্ণ উন্মোচন করা হয়: উষারঞ্জন ভট্টাচার্য প্রগৃহিত ও বঙ্গীয় সাহিত্য পরিষদ প্রকাশিত গুরুত্বপূর্ণ রবীন্দ্রনাথ, অধ্যাপক ভট্টাচার্যকে লেখা পত্রগুচ্ছ অবাক্ষ চিঠির কথকথা, ও প্রগাম: উষা রঞ্জন ভট্টাচার্য। উন্মোচক ত্রুট্মে গৌতম প্রসাদ বরুয়া, ইরশাদ আলি ও নন্দিতা ভট্টাচার্য। শিক্ষক প্রগাম অনুষ্ঠানটির প্রথম দুটি পর্ব সংগৃহীত করেন সুন্দীপা ভট্টাচার্য।

অধ্যাপক ভট্টাচার্যকে নিজের অক্ষিত একটি চিত্র উপহার দিয়েছেন ইরশাদ আলি। সব শেষে সংগৃহীত পরিবেশন করেন সঞ্জয় চন্দ্র দাস ও সুইটি সাহা।